# বৃহত্তর ক্যাম্বেলটাউন এলাকায় ইসলামিক সেন্টার কমপ্লেক্র প্রতিষ্ঠার জন্য জমি ক্রয়

**আতিকুর রহমান** ॥ বৃহত্তর ক্যাম্বেলটাউন এলাকায় মুসলমানদের সংখ্যা বৃদ্ধির ফলে এ এলাকায় একটি ইসলামিক সেন্টার কমপ্লেক্র প্রতিষ্ঠার জন্য অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। ইসলামিক সেন্টার কমপ্লেক্র এ মসজিদ, কমিউনিটি হল, স্পোর্টস সেন্টার সহ বিভিন্ন সুবিধা থাকবে। এ লক্ষ্যে গত ২৯ শে মে অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার 13-17 Eagleview Rd, (ইঙ্গৈলবার্ন এবং মিন্টু এলাকার মাঝামাঝি) ৫ একর জমি ক্রয় করেছে। অকশনে



ক্রয়কৃত জমির মূল্যে A$৭,৩৫,০০০। অকশনের দিন ১০% ডিপোজিট বাবদ A$৭৩,৫০০ প্রদান করা হয়। বাকী অর্থ প্রায় A$7,00,000 আগামী নম্ভেবর এ সেটেলমেন্টের দিন প্রদান করা হবে বলে জানা যায়। ইতিমধ্যেই অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন  কার্যকরি কমিটি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে অত্র এলাকায় কমিউনিটির মধ্যে তাদের স্থান করে নিয়েছে। বিশেষ করে ঈদুল ফিতর ও আযহার নামাজের ব্যবস্থা, শরিয়াহ মোতাবেক কোরবানীর ব্যবস্থা, শবে মি'রাজ, ঈদে মিলাদুন্নবী, ঈদ উৎসব সহ বিভিন্ন কর্মসূচীগুলি কমিউনিটি মাঝে ব্যাপক সাড়া দিয়েছে। সংগঠন অতি স্বল্প সময়ে প্রায় A$১০৫,০০০ অর্থ সংগ্রহ করেছে। বর্তমানে আর্থিক সদস্য সংখ্যার দিক দিয়ে অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার অন্যতম বৃহত্তম সংগঠন। ক্রয়কৃত জমির বাকী অর্থ পরিশোধের জন্য প্রয়োজন কমিউনিটির সদস্যের নিকট হতে আর্থিক সহযোগিতা। সংগঠনের কর্তপক্ষ কমিউনিটির সকল সদস্যদের নিকট আকুল আবেদন জানিয়েছেন। কেবল সকলের সহযোগিতাতেই কমপ্লেক্র এর স্বপ্ন বাস্তবায়িত হওয়া সম্ভব। আপনার দান সংগঠনের নিম্ন একাউন্টে জমা করার জন্য আবেদন করা হচ্ছেঃ

Commonwealth Bank; Account number: 062185 10482582
Account name: Australian Muslim Welfare Centre Incorporated.